

স্মারক নম্বর: ৫৬.০৪.৬৮৬৪.০০০.২৫.০০১.২৩-০৬

তারিখ: ০৪ জৈষ্ঠ্য ১৪৩০ বঙ্গাব্দ  
১৮ মে ২০২৩ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

বিষয়: ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের জন্য আবেদন আহ্বান।

ডিজিটাল বাংলাদেশকে স্মার্ট বাংলাদেশের রূপান্তরের মাধ্যমে অর্থনৈতিক, সামাজিক উন্নয়ন এবং দেশের মানব সম্পদকে বিশ্বমানের হিসেবে গড়ে তোলার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় বেকার যুবকদের কর্মসংস্থানের নিমিত্ত রায়পুরা উপজেলায় ১৫ দিন ব্যাপী মোট ৪৫ ঘন্টার ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কার্যক্রম সম্পূর্ণ বিনামূল্যে পরিচালনা করা হবে। আগ্রহী, দক্ষ ও মনযোগী রায়পুরা উপজেলার বর্তমান নাগরিকদের নিম্নোক্ত সময়সূচি ও শর্তাবলী অনুসরণ পূর্বক নির্ধারিত ফর্মে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

কোর্সের নাম: ডিজিটাল মার্কেটিং

আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ: ১ জুন ২০২৩, বিকাল ৪:০০

আবেদনপত্র জমা দেয়ার স্থান: উপজেলা আইসিটি কার্যালয়, উপজেলা পরিষদ কমপ্লেক্স (৩য় তলা), রায়পুরা, নরসিংদী।

অথবা ইমেইলঃ [tusharbhattacharje51@gmail.com](mailto:tusharbhattacharje51@gmail.com)

প্রশিক্ষার্থীর যোগ্যতা:

- ১) ১৮-৩৫ বছর বয়সী বাংলাদেশী নাগরিক এবং রায়পুরা উপজেলার বর্তমান বাসিন্দা।
- ২) ন্যূনতম এইচ.এস.সি পাশ।
- ৩) এম.এস.ওয়ার্ড, এক্সেল, ফটোশপ, ইলাস্ট্রেটর ও কম্পিউটার পরিচালনায় দক্ষ।
- ৪) নিজস্ব ল্যাপটপ আছে এমন প্রার্থী অগ্রাধিকার পাবেন।
- ৫) ফ্রিল্যান্সিং এ আগ্রহী ও মনযোগী হতে হবে।

- প্রশিক্ষার্থীদের অভিজ্ঞ ফ্রিল্যান্সারদের তত্ত্বাবধানে প্রশিক্ষণের সুযোগ রয়েছে।
- বাংলাদেশের সেরা ফ্রিল্যান্সার কমিউনিটির সাথে বিভিন্ন প্ল্যাটফর্মে ও প্রজেক্টে কাজ করার সুযোগ থাকবে।
- প্রশিক্ষণ সমাপ্তে সরকারি সার্টিফিকেট প্রদান করা হবে।
- উল্লেখ্য, প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের কোন প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে না।
- বিস্তারিত তথ্যের জন্য [raipura.narsingdi.gov.bd](http://raipura.narsingdi.gov.bd) অথবা [doict.raipura.narsingdi.gov.bd](http://doict.raipura.narsingdi.gov.bd) ওয়েবসাইট ভিজিট করার অনুরোধ করা হলো।

\*\* আবেদনকৃত প্রশিক্ষার্থীদের নির্ধারিত তারিখ ও সময়ে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে উপজেলা ওয়েব পোর্টাল ও আইসিটি অধিদপ্তরের উপজেলা পোর্টালে জানিয়ে দেওয়া হবে। পরীক্ষায় উত্তীর্ণ প্রশিক্ষার্থীদের নিয়ে বিনামূল্যে এই প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে।



(তুষার ভট্টাচার্য্য)

সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়, রায়পুরা, নরসিংদী

মোবাইল: +৮৮০১৬২০৯৫৭৮৮৮

ই-মেইল: [tusharbhattacharje51@gmail.com](mailto:tusharbhattacharje51@gmail.com)